



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2023

গভর্নর ক্যাথি হোকল

## নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের আপিল বিভাগে নিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের আপিল বিভাগে ফার্স্ট ডিপার্টমেন্টের শূন্য পদে মাননীয় মার্শা মাইকেলকে নিয়োগের ঘোষণা দিয়েছেন।

“আদালতে নেতৃত্বদান এবং ন্যায়বিচার প্রদানের জন্য আমাদের আইন ব্যবস্থা বুদ্ধিমান ও বিচক্ষণ বিচারকদের উপর নির্ভর করে” বলেছেন গভর্নর হোকল। “মাননীয় বিচারপতি মার্শা ডি. মাইকেলকে আপিল বিভাগের ফার্স্ট ডিপার্টমেন্টে নিযুক্ত করতে পেরে আমি গর্বিত এবং আমি আত্মবিশ্বাসী যে তিনি মর্যাদাপূর্ণভাবে নিউ ইয়র্কবাসীর সেবা করবেন।”

বিচারপতি মার্শা ডি. মাইকেল বর্তমানে সুপ্রিম কোর্টের 1ম ও 12তম জুডিশিয়াল ডিস্ট্রিক্টের অ্যাপিলেট টার্মে একজন সহযোগী বিচারপতি হিসেবে নিয়োজিত আছেন। তিনি 2018 সালে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের 12তম জুডিশিয়াল ডিস্ট্রিক্টে (ব্রঙ্কস কাউন্টি) নির্বাচিত হন।

বিচারপতি মাইকেল 2015 সালে তার বিচারিক কর্মজীবন শুরু করেন, তখন তিনি ব্রঙ্কস কাউন্টিতে নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টের বিচারক হিসেবে বেঞ্চে নির্বাচিত হন। তাকে নিউ ইয়র্ক সিটি ক্রিমিনাল কোর্টে নিয়োগ করা হয় যেখানে তিনি পারিবারিক সহিংসতার অপরাধ বিষয়কের পাশাপাশি জুরি ট্রায়াল পরিচালনা করেছেন।

বেঞ্চে যোগদানের আগে, বিচারপতি মাইকেল মাননীয় ডেবোরাহ এ. ডাওলিং এবং মাননীয় জেনিস এল. বোম্যানের প্রিন্সিপাল ল ক্লার্ক হিসেবে দায়িত্ব পালন করেন। বিচারপতি মাইকেল 2002 সালে অ্যালবানি ল স্কুল থেকে J.D. অর্জনের পরে ব্রঙ্কস কাউন্টির একটি সিভিল লিটিগেশন ফার্মে সহযোগী হিসেবে আইন বিষয়ে তার কর্মজীবন শুরু করেন।

বিচারপতি মাইকেল ব্রঙ্কস কাউন্টির একজন সরকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে থাকেন যেখানে তিনি মনরো কলেজে শিক্ষকতা করেছেন এবং তার বিচার বিভাগীয় সহকর্মীদের এবং স্থানীয় ব্রঙ্কস হাই স্কুলের সহযোগিতায় একটি জুডিশিয়াল ইন্টার্নশিপ ও মেন্টরশিপ কর্মসূচি পরিচালনা করেন। ইন্টার্নরা দেওয়ানি, ফৌজদারি ও পারিবারিক আদালতে উপস্থিত বিচারকদের জন্য ইন্টার্ন হিসেবে সম্পূর্ণ স্কুল বছরের জন্য কাজ করে। এছাড়াও বিচারপতি মাইকেল 12তম জুডিশিয়াল ডিস্ট্রিক্টের ইউনিফাইড কোর্ট জেল্ডার ফেয়ারনেস কমিটির সভাপতি, জুডিশিয়াল ফ্রেন্ডস অর্গানাইজেশন, ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন জাজেস, NY চ্যাম্পটার,

ন্যাশনাল বার অ্যাসোসিয়েশনের জুডিশিয়াল কাউন্সিলের সদস্য এবং নিউ ইয়র্ক সিটির সুপ্রিম কোর্ট জাস্টিস অ্যাসোসিয়েশনের বোর্ড সদস্য।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)